

ক্রম: ৫ আল-কুদুসُ الْقَدُّوسُ

অর্থ

নিষ্কলুষ, অতি পবিত্র

English

- Al-Quddus
- The One who is pure from any imperfection and clear from children and adversaries.
- The Holy one

ব্যাখ্যা

الْقَدُّوسُ | আল-কুদুস (পূত্র:পবিত্র, নিখুঁত) | Al-Quddus | The Absolutely Pure

আল্লাহর নামসমূহের মধ্যে অন্যতম হলো আল-কুদুস (পূত্র:পবিত্র, নিখুঁত), আস-সালাম (ক্রটিমুক্ত) অর্থাৎ সর্ব প্রকারের কমতি, দোষ-ক্রটি ও সৃষ্টিকুলের সাদৃশ্য থেকে তিনি মহান, পুত্র:পবিত্র। তিনি যাবতীয় দোষমুক্ত, তাঁর পূর্ণতার সমকক্ষ হওয়ার সাদৃশ্য হওয়া থেকে তিনি পবিত্র। আল্লাহ তা'আলা বলেছেন,

لَيْسَ كَمِثْلِهِ شَيْءٌ ۚ [الشورى: ۱۱]

“তাঁর মতো কিছুই নেই।” [সূরা আশ-শুরা, আয়াত: ১১] আল্লাহ তা'আলা আরও বলেছেন,

وَلَمْ يَكُنْ لِّهِ كُفُواً أَحَدٌ ۚ [الإخلاص: ۴]

“আর তাঁর কোন সমকক্ষও নেই।” [সূরা আল-ইখলাস, আয়াত: ৪]

আল্লাহ তা'আলা বলেছেন,

هَلْ تَعْلَمُ لَهُ سَمِيَّاً ۚ [مرিম: ٦٥]

“তুমি কি তাঁর সমতুল্য কাউকে জান?” [সূরা মারইয়াম, আয়াত: ৬৫]

فَلَا تَجِدُ عَلَوْا لِلَّهِ أَنَدَادًا ۚ [البقرة: ٢٢]

“সুতরাং তোমরা আল্লাহর জন্য সমকক্ষ নির্ধারণ করো না।” [সূরা আল-বাকারা, আয়াত: ২২] অতঃএব, কুদুস সালামের মতোই, উভয় নামই সর্বদিক থেকে আল্লাহকে দোষ-ক্রটিমুক্ত করে এবং সর্ব দিক থেকে সর্বময়

পরিপূর্ণতা শামিল করে। কেননা যখন ত্রুটিমুক্ত হয় তখন তাতে পরিপূর্ণ পূর্ণতা সাব্যস্ত হয়। [1] তিনি মহাপবিত্র, মহান, সমস্ত দোষ-ত্রুটি মুক্ত, সৃষ্টির কারো সাথে সাদৃশ্য হওয়া থেকে মুক্ত, দোষ-ত্রুটি ও পূর্ণতার পরিপন্থী যাবতীয় অপূর্ণতা থেকে তিনি মুক্ত। এ মূলনীতি তাঁকে পবিত্র রাখে এবং সর্বদিক বিবেচনায় যত প্রকারের অপূর্ণতা ও ত্রুটি রয়েছে তা থেকে তিনি মুক্ত। তাঁর মতো বা সাদৃশ বা অনুরূপ বা সমকক্ষ বা সমতুল্য বা অংশীদার বা প্রতিপক্ষ ইত্যাদি থেকে তিনি মুক্ত, পুতঃপবিত্র। যা কিছু তাঁর মহান ও প্রশংসন গুণাবলীর কোন একটি গুণকে অপূর্ণ করে বা ত্রুটিমুক্ত করে তা থেকে তিনি সম্পূর্ণ মুক্ত, পুতঃপবিত্র।

তাঁকে পূর্ণ পুতঃপবিত্র ও দোষ-ত্রুটি মুক্ত রাখার আরেকটি উপায় হলো তাঁর জন্য বড়ত্ব, অহংকার ও মহত্বের গুণ সাব্যস্ত করা। কেননা আল্লাহকে দোষ-ত্রুটি মুক্ত রাখার উদ্দেশ্য হলো যাবতীয় খারাপ ধারণা থেকে যেমনটি ধারণা করা হতো জাহেলী যুগে- তাঁকে মুক্ত রাখা। যেমন, বান্দা আল্লাহর গুণ সাব্যস্ত করে বলে, সুবহানাল্লাহ (আমি আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি) অথবা, আল্লাহর পুতঃপবিত্রতা বর্ণনা করছি অথবা আল্লাহ মহান ইত্যাদি বলে তখন এসব গুণাবলী তাঁকে যাবতীয় দোষ-ত্রুটি মুক্ত করে সব ধরণের পূর্ণতা সাব্যস্ত করে। [2]

[1] আত-তাফসীর, ৫/৬২৩।

[2] আল-হাকুল ওয়াদিহ আল-মুবীন, পৃ. ৮১-৮২; তাওদীলুল কাফিয়া আশ-শাফিয়া, পৃ. ১২৭।

Source — <https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=5>

১ হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন